

বিষয়: শিক্ষা বছর ২০২৪/২০২৫ এর জন্য রেজিস্ট্রেশন।

১৮ই জানুয়ারী ২০২৪ থেকে ১০ই ফেব্রুয়ারী ২০২৪ পর্যন্ত, "অনলাইন নিবন্ধন" সিস্টেমের মাধ্যমে নিবন্ধন আবেদন জমা দেওয়া যেতে পারে।

২০২৪/২০২৫ সালের শিক্ষাবর্ষের জন্য প্রাথমিক বিদ্যালয় এবং নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে তালিকাভুক্তি এককভাবে অনলাইনে নিবন্ধন হতে হবে- ২০২৪ সালের ১৮ই জানুয়ারী সকাল ৮টা থেকে থেকে ২০২৪ সালের ১০ই ফেব্রুয়ারি সন্ধ্যা ৮টা পর্যন্ত; পিতামাতা এবং যারা পিতামাতার দায়িত্ব পালন করছেন (পালনকারী, অভিভাবক) তারা অনলাইন নিবন্ধন ব্যবস্থায় অ্যাক্সেস করে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন।

একমাত্র প্ল্যাটফর্মের মধ্যে, "ওরিয়েন্টেশন (Orientamento)" বিভাগে

(<https://unica.istruzione.gov.it/it/orientamento/iscrizioni>) আপনার স্পিড (SPID) আইডি (পাবলিক ডিজিটাল আইডেন্টিটি সিস্টেম), চি ই এ (CIE) (ইলেক্ট্রনিক আইডেন্টিটি কার্ড), চি এন এস (CNS) (ন্যাশনাল সার্ভিসেস কার্ড), অথবা এইদাস (Eidas) (ইলেক্ট্রনিক আইডেন্টিফিকেশন প্রমাণীকরণ এবং স্বাক্ষর) ব্যবহার করতে হবে নিবন্ধনের সময়।

নিবন্ধনের সময়, পিতামাতা এবং পিতামাতার দায়িত্ব পালনকারীরা যে শিক্ষার্থীর জন্য নিবন্ধনের আবেদন করেছেন তার সাথে সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য প্রদান করে (ট্যাক্স কোড/কোডিচে ফিস্কালে, নাম এবং বংশের নাম, জন্ম তারিখ, বাসস্থান, ইত্যাদি) এবং প্রস্তাবিত প্রশিক্ষণের বিষয়ে তাদের পছন্দগুলি প্রকাশ করবে।

দয়া করে মনে রাখবেন যে অনলাইন রেজিস্ট্রেশন সিস্টেম প্রতিটি ছাত্রের জন্য শুধুমাত্র একটি নিবন্ধন আবেদন জমা দেওয়ার অনুমতি দেয়, তবে পিতামাতা বা পিতামাতার দায়িত্বে থাকা ব্যক্তিদের একটি দ্বিতীয় বা তৃতীয় বিদ্যালয় পছন্দের উল্লেখ করারও অনুমতি দেয়।

যেখানে কারনবসত শিক্ষা বছর ২০২৪/২০২৫ এর ক্ষেত্রে প্রথম নির্বাচিত শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষাবর্ষের জন্য স্থান না থাকলে আবেদনে দ্বিতীয় বা তৃতীয় বিদ্যালয় পছন্দ উল্লেখ করে দিতে হবে।

যে পিতামাতা বা ব্যক্তির পিতামাতার দায়িত্ব পালন করছেন তারা অনুগ্রহ করে মনে রাখবেন যে: প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর এর মধ্যে ছয় বছর পূর্ণ হয়েছে/হবে সেইসব ছেলে-মেয়েদের মেয়েদের তালিকাভুক্ত করতে হবে; ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর এবং ২০২৫ সালের ৩০শে এপ্রিল এর মধ্যে ছয় বছর পূর্ণ হবে সেইসব ছেলে ও মেয়েরাও নিবন্ধনের আবেদন করতে পারবে।

২০২৫ সালের ৩০শে এপ্রিল এর পরে ছয় বছর পূর্ণ করা শিশুদের প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে তালিকাভুক্তির অনুমতি দেওয়া হয় না, এমনকি স্কুলে ছিট খালি থাকলেও। তালিকাভুক্তির জন্য আবেদনগুলি শিক্ষা প্রতিষ্ঠানে একক শিক্ষাগত ক্ষেত্রে প্রযোজ্য মোট সিটের/স্থানের সর্বোচ্চ সীমার মধ্যে গৃহীত হয়।